# দেশব্যাপী খাল খনন কর্মসূচির উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

বিএনপির নির্বাচনি অঙ্গীকার বাস্তবায়নের অংশ হিসেবে দেশজুড়ে নদী, নালা, খাল ও জলাধার খনন-পুনঃখনন কার্যক্রমের সূচনা করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।
সোমবার (১৬ মার্চ) দিনাজপুরের কাহারোল উপজেলার বলরামপুরে সাহাপাড়া খালের কাজ শুরু করে তিনি এ কর্মসূচির উদ্বোধন করেন।

উদ্বোধন অনুষ্ঠানে যোগ দিতে সকাল সাড়ে ৯টায় ঢাকা থেকে অভ্যন্তরীণ ফ্লাইটে সৈয়দপুরে পৌঁছান প্রধানমন্ত্রী। সেখান থেকে সড়কপথে দিনাজপুরে যান তিনি। নির্ধারিত কর্মসূচি অনুযায়ী, উদ্বোধনের পর স্থানীয় জনসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেওয়ার কথা রয়েছে তার।

বিকেলে তিনি দিনাজপুরের শেখ ফরিদ মডেল কবরস্থানে গিয়ে নানা-নানি ও খালার কবর জিয়ারত করবেন। এরপর বিকেল ৫টায় সার্কিট হাউস প্রাঙ্গণে আয়োজিত সুধী সমাবেশ ও ইফতার মাহফিলে অংশ নেবেন প্রধানমন্ত্রী।

LENS ASIA